

নম্বর: ০৪.০০.০০০০.৪১৮.২৭.০০২.১৭.২৩৬

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪২৫
২২ মে ২০১৮

অফিস আদেশ

যেহেতু, শেখ মোতাহার হোসেন, অফিস সহায়ক, মন্ত্রিপরিষদ বিভাগ-এর নভেম্বর ২০১৭ মাসে ১৪, ২২, ২৬ ও ২৭ তারিখ কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং একাধিক দিন বিলম্বে কর্মস্থলে উপস্থিত হন। এ বিষয়ে মৌখিকভাবে সতর্ক করার পরও ডিসেম্বর ২০১৭ মাসের ০৬, ০৭, ১৩, ১৪, ১৭-২১, ২৮ ও ৩১ তারিখ বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং ১৩, ১৪, ১৮, ১৯ ও ২০ তারিখ কর্মস্থলে অনুপস্থিত থেকেও পরবর্তীতে হাজিরা খাতায় স্বাক্ষর করেছেন;

যেহেতু, তার এরূপ আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর ৩(বি) বিধি অনুযায়ী 'অসদাচরণ (misconduct)'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর ৩(বি) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগের তার বিরুদ্ধে ০১/২০১৮ নম্বর বিভাগীয় মামলা রুজু করে একই বিধিমালার ৪(৩)(সি) বিধি মোতাবেক তাকে কেন 'চাকরি হতে অপসারণ' করা হবে না তার লিখিত জবাব উক্ত বিধিমালার ৭(১)(বি) বিধি মোতাবেক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে দাখিল করার জন্য নির্দেশ দেওয়া হয়। তিনি আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানি চান কিনা তাও তার লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ দেওয়া হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি বিধায় উক্ত বিধিমালার ৭(৩) বিধি অনুযায়ী অভিযোগনামায় বর্ণিত অভিযোগ তদন্ত করার জন্য একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে। তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর ৪(৩)(সি) বিধি অনুযায়ী তাকে সরকারি 'চাকরি হতে অপসারণ' করার গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় একই বিধিমালার ৭(৬) মোতাবেক ২য় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়।

যেহেতু, তিনি ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি।

সেহেতু, শেখ মোতাহার হোসেন, অফিস সহায়ক, মন্ত্রিপরিষদ বিভাগ- এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর ৩(বি) বিধি অনুযায়ী 'অসদাচরণ (Misconduct)'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(সি) অনুযায়ী তাকে সরকারি 'চাকরি হতে অপসারণ (Removal from Service)' করার গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ খলিলুর রহমান)
যুগ্মসচিব (প্রশাসন)
ফোন: ৯৫১১০৩৫

ই-মেইল: ds_admin@cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪১৮.২৭.০০২.১৭.২৩৬

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪২৫
২২ মে ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২। উপসচিব (সংস্থাপন), মন্ত্রিপরিষদ বিভাগ
- ৩। উপসচিব (সাধারণ সেবা), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৬। শেখ মোতাহার হোসেন, অফিস সহায়ক, গ্রহণ ও প্রেরণ ইউনিট, সাধারণ সেবা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৭-৯। অফিস কপি/মাস্টার ফাইল/ব্যক্তিগত নথি।



২২.০৫.২০১৮

(গাজী তারিক সালমন)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৫০৯৭৪

ই-মেইল: adm_dis_section@cabinet.gov.bd